

الصَّمَدُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম ‘আসমাউল হুসনার’ ৬৮ তম নাম ‘الصَّمَدُ’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الصَّمَدُ’ শব্দের মূল ص - م - د , এই মূল শব্দ থেকে গঠিত শব্দ পবিত্র কোরআন মাজিদে ১ বার এসেছে। আল্লাহ الصَّمَدُ অর্থ: ‘তিনি স্বয়ং সম্পূর্ণ, মুখাপেক্ষাহীন’।

মহান আল্লাহ পবিত্র কুরআনে ইরশাদ করেন:

قُلْ هُوَ اللَّهُ أَحَدٌ ﴿١﴾ اللَّهُ الصَّمَدُ ﴿٢﴾ لَمْ يَلِدْ وَلَمْ يُولَدْ ﴿٣﴾ وَلَمْ يَكُنْ لَهُ كُفُوًا أَحَدٌ ﴿٤﴾

(হে নবী) বলে দাও: তিনি আল্লাহ, তিনি এক ও একক। তিনি স্বয়ং সম্পূর্ণ মুখাপেক্ষাহীন। তিনি জন্ম দেন না, তাঁকেও জন্ম দেয়া হয়নি। কেউ নেই তাঁর সমকক্ষ সমতুল্য। (সূরা অল ইখলাছ: আয়াত নং ১ থেকে ৪)

মুসলিম শরীফের হাদীস:

একটা সুন্দর দোয়া-

اللَّهُمَّ إِنِّي أَسْأَلُكَ الْهُدَىٰ وَالتَّقَىٰ وَالْعِفَافَ وَالْغِنَى -

হে আল্লাহ, আমি তোমার কাছে হেদায়েত, তাকওয়া, পবিত্রতা ও অমুখাপেক্ষিতা প্রার্থনা করছি।

সুতরাং, প্রিয় ভাই ও বোনেরা! স্বয়ংসম্পূর্ণ মুখাপেক্ষাহীন মহান রাব্বুল আ’লামিন আল্লাহ ও তাঁর রাসূলের আদেশ-নিষেধ সমূহ পবিত্র কোরআন ও সহীহ হাদিস মোতাবেক আমরা যথাযথভাবে পালন করি। কোন মানুষ, জিন, ফেরেশতা, নবী রাসুল, পীর মুর্শিদ, পুরোহিত, আউলিয়া, দরবেশ, গাউস কুতুব কাউকে আমরা আল্লাহর আসনে সমাসীন না করি। সেটা হবে শিরকের গুনাহ। কুপ্রবৃত্তি, খারাপ লোভ-লালসা, বদ চিন্তা এগুলো শয়তানের অনুসরণের শামিল এবং শিরক। আল্লাহ আমাদের শিরকের গুনাহ মুক্ত জীবন যাপনের তৌফিক দান করুন।

আমিন।

আসসালামুআলাইকুম ওয়ারাহমাতুল্লাহি ওয়াবারাকাতুহু।